

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা  
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩, মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০  
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiyamohilacollege.edu.bd

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া সরকারি মহিলা কলেজ**

**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ০৪/০৭/২০২২ থেকে ২৩/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ের সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে। গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০১৯ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. দৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ও কলেজের ওয়েব সাইটে ([www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd)).

প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি-৩০০/- টাকা ও বিকাশ চার্জ-৪/- টাকাসহ মোট ৩০৪/- (তিনশত চার) টাকা মোবাইল ব্যাংকিং বিকাশ (০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) ভর্তি রোল নম্বর দিতে হবে। অতঃপর [www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd) এ ভর্তির লিংকে প্রবেশ করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) আবেদন ফরম ও শিক্ষার্থীর ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘণ্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেয়া হবে। তারপর বিকাশ অ্যাপ থেকে এডুকেশন ফি সিলেক্ট করে প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে ভর্তির টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তির টাকা জমা দেয়া যাবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) বিষয়সমূহ :

১। বাংলা, ২। ইংরেজি, ৩। সমাজবিজ্ঞান, ৪। রাষ্ট্রবিজ্ঞান, ৫। অর্থনীতি, ৬। হিসাববিজ্ঞান ও ৭। ব্যবস্থাপনা  
ভর্তির জন্য দেয় টাকার হিসাব:

ক্রমিক নং	খাতের নাম	টাকার পরিমাণ
১.	ভর্তি ফি	৩০/-
২.	রেজিস্ট্রেশন ফি (বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত)	৮০০/-
৩.	উন্নয়ন তহবিল ফি	২০০/-
৪.	বিবিধ	১০০/-
৫.	ব্যবস্থাপনা ফি	৫০/-
৬.	ডিজিটাল কার্যক্রম	৪০০/-
	মোট	১৫৮০/-

এছাড়া অভ্যন্তরীণ পরীক্ষা ফি (ইনকোস) প্রতি পত্রে ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

☑ ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

ক) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

(খ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি।

(গ) প্রিলিমিনারী টু মাস্টার্স প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।

  
অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা।